

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.০৬.০২৫.২১-৩০৮

৩১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ

তারিখ-----

১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরের জন্য আদালত প্রশাসন ও মামলা ব্যবস্থাপনা সংক্রান্ত কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শৃঙ্খাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ বাস্তবায়নের স্বার্থে আদালত প্রশাসন ও মামলা ব্যবস্থাপনার মান বৃদ্ধি সংক্রান্ত সুপারিশ প্রদানের জন্য আদালত প্রশাসন ও মামলা ব্যবস্থাপনা সংক্রান্ত কমিটি গঠন করা হলোঃ

জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:


| | | |
|----|------------------------------------|------------|
| ১ | যুগ্মসচিব (মতামত) | সভাপতি |
| ২ | উপসচিব (প্রশাসন-১) | সদস্য |
| ৩ | উপসচিব (বাজেট ও উন্নয়ন) | সদস্য |
| ৪ | উপসচিব (মতামত-৪) | সদস্য |
| ৫ | উপসচিব (প্রশাসন-২) | সদস্য |
| ৬ | উপসলিসিটর (দেওয়ানি) | সদস্য |
| ৭ | সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৩) | সদস্য |
| ৮ | সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) | সদস্য |
| ৯ | সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) | সদস্য |
| ১০ | সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৮) | সদস্য সচিব |

২। কমিটির কার্যপরিধি:

- (ক) দেওয়ানি ও ফৌজদারি বিচারব্যবস্থার দীর্ঘসূত্রিতার কারণ চিহ্নিতকরণ ও তা দূরীকরণে সুপারিশ প্রদান;
(খ) প্রতিমাসে একবার কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা;
(গ) আদালত প্রশাসন ও মামলা ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন করা ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা।

৩। কমিটি প্রয়োজনবোধে যে-কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২ (অঃ)
ই-মেইল:section8.justice@gmail.com

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব (মতামত), আইন ও বিচার বিভাগ।
২। উপসচিব (বাজেট ও উন্নয়ন), আইন ও বিচার বিভাগ।
৩। উপসচিব (প্রশাসন-১/২/মতামত-৪), আইন ও বিচার বিভাগ।
৪। উপসলিসিটর (দেওয়ানি), সলিসিটর অনুবিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১/উন্নয়ন/বিচার শাখা-৩/৮), আইন ও বিচার বিভাগ।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।